

উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী
আড়াইহাজার উপজেলা, নারায়ণগঞ্জ।

সভাপতিঃ জনাব বর্না রহমান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
সভার স্থানঃ উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, আড়াইহাজার উপজেলা, নারায়ণগঞ্জ।
সভার তারিখঃ ২৩/১১/২০২১ ইং সকাল ১১ঃ০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট” ক

অধ্যকার জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির কার্যক্রম শুরু হয় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব বর্না রহমান এর সভাপতিত্বে। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপ-সহকারী প্রকৌশলীকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভা অনুষ্ঠিত হয়।

ক্রঃ নং- ০১: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও আলোচনা।		
আলোচনা ও পর্যালোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়	সংশ্লিষ্ট সকল

ক্রঃ নং- ০২: হ্যান্ড ওয়াশ বেসিন স্থাপন ।।		
আলোচনা ও পর্যালোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
আড়াইহাজার উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের সুরক্ষার জন্য ১৬ টি হ্যান্ড ওয়াশ বেসিন বরাদ্দ পাওয়া গিয়াছে। এবং ১৩ টি বিদ্যালয়ের কাজ ৯০% সম্পূর্ণ।	সভায় বিস্তারিত আলোচনান্তে, জনস্বাস্থ্য প্রকৌশলীকে হ্যান্ড ওয়াশ বেসিন স্থাপনের বাকী কাজ তদারকির মাধ্যমে সঠিকভাবে সম্পূর্ণ করতে বলা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)

ক্রঃ নং- ০৩: সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের কাজের বিষয়ে আলোচনা ।।		
আলোচনা ও পর্যালোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ ইং অর্থ বছরের বরাদ্দ প্রতি ইউনিয়নে ২৬ টি করে মোট ২৬০ টি নলকূপের কাজ শুরু হইয়াছে। কাজের চলমান অগ্রগতি ৮৫% সম্পূর্ণ।	সভায় বিস্তারিত আলোচনান্তে, জনস্বাস্থ্য প্রকৌশলীকে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের কাজ তদারকির মাধ্যমে সঠিকভাবে সম্পূর্ণ করতে বলা হয়	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(বর্না রহমান)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটি
আড়াইহাজার উপজেলা, নারায়ণগঞ্জ।